

দীনী প্রশোতর

বিভাগ/অধ্যায়ঃ আখলাক ও ব্যবহার রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

অমুসলিম আয়া রেখে তার উপর সন্তানের লালন পালনের দায়িত্ব দেওয়া কি বৈধ?

অমুসলিম আয়া রেখে শিশু লালন পালনের দায়িত্ব তার উপর দিলে তার আকিদা ও চরিত্রে শিশু প্রতিপালিত হবে। সুতরাং তা বৈধ নয়। অনুরূপ নামে মাত্র মুসলিম আয়া রেখে সন্তানের আকিদা ও চরিত্র বিনাশ করা উচিৎ নয় মা বাপের। আল্লাহর রাসুল (সঃ) বলেন, "সু-সঙ্গীর ও কু-সঙ্গীর উপমা তো আতরওয়ালা ও কামারের মত। আতরওয়ালা (এর পাশে বসলে) হয় সে তোমার দেহে (বিনামূল্যে) আতর লাগিয়ে দেবে, না হয় তুমি তার নিকট থেকে তা ক্রয় করবে। তা না হলেও (অন্ততপক্ষে) তার নিকট থেকে এমনি সুবাস পেতে থাকবে। পক্ষান্তরে কামার (এর পাশে বসলে) হয় সে (তার আগুণের ফিনকি দ্বারা) তোমার কাপড় পুড়িয়ে ফেলবে, না হয় তার নিকট থেকে বিকট দুর্গন্ধ পাবে।" (বুখারি ২১০১, মুসলিম ২৬২৮ নং)

• Source — https://www.hadithbd.com/books/link/?id=2096

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন